মেহেরপুরে ‘শয়তানের নিঃশ্বাস’ কৌশলে নারীর টাকা ও স্বর্ণালংকার ছিনতাই

মেহেরপুর শহরে আবারও সক্রিয় হয়ে উঠেছে অজ্ঞান পার্টি। এবার ‘শয়তানের নিঃশ্বাস’ নামে পরিচিত এক ধরনের প্রতারণার কৌশল ব্যবহার করে এক নারীর কাছ থেকে নগদ টাকা ও স্বর্ণালংকার ছিনতাইয়ের ঘটনা ঘটেছে।

ঘটনাটি আজ রবিবার দুপুরে শহরের ব্যস্ততম হোটেল বাজার মোড়ে ঘটায় স্থানীয়দের মধ্যে উদ্বেগ ও আতঙ্ক ছড়িয়ে পড়েছে।

ভুক্তভোগী আনোয়ারা খাতুন জানান, তিনি কারেন্ট বিল পরিশোধের জন্য বাসা থেকে বের হয়ে শহরের হোটেল বাজার মোড়ে পৌঁছান।

এসময় অজ্ঞাতপরিচয় এক ব্যক্তি তার সঙ্গে কথা বলা শুরু করে। একপর্যায়ে ওই ব্যক্তি কৌশলে তার নাকের সামনে কোনো এক ধরনের গন্ধযুক্ত বস্তু ধরে বা শুঁকতে দেয়। এর কিছুক্ষণ পরই তিনি মাথা ঝিমঝিম করা, দুর্বল লাগা এবং অসংলগ্ন আচরণ করতে শুরু করেন।

তিনি আরও জানান, পুরোপুরি স্বাভাবিক অবস্থায় না থাকার সুযোগে দুর্বৃত্তরা তার কাছে থাকা নগদ ৫০০ টাকা এবং কানে থাকা দুইটি স্বর্ণের দুল খুলে নিয়ে দ্রুত পালিয়ে যায়। পরে স্থানীয়দের সহায়তায় তিনি কিছুটা স্বাভাবিক হলে বিষয়টি বুঝতে পারেন।

ভুক্তভোগী আনোয়ারা মেহেরপুর শহরের স্টেডিয়াম পাড়ার বাসিন্দা। তার স্বামীর নাম ইয়ালিদ হোসেন।

ঘটনার খবর ছড়িয়ে পড়লে এলাকায় চাঞ্চল্যের সৃষ্টি হয়। স্থানীয় বাসিন্দারা জানান, সম্প্রতি শহরে অজ্ঞান পার্টি ও প্রতারক চক্রের তৎপরতা বেড়েছে।

বিশেষ করে বাজার ও জনসমাগমপূর্ণ এলাকায় নারীদের টার্গেট করে এসব চক্র নানা কৌশলে প্রতারণা ও ছিনতাই চালাচ্ছে বলে অভিযোগ উঠেছে।

এ বিষয়ে মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশের (ডিবি) ওসি মুহাদ্দিদ মোর্শেদ চৌধুরী বলেন, “ঘটনাটি গুরুত্বের সঙ্গে দেখা হচ্ছে।

শহরে অজ্ঞান পার্টি ও প্রতারক চক্রের তৎপরতা ঠেকাতে গোয়েন্দা নজরদারি বাড়ানো হয়েছে। সাধারণ মানুষকে অপরিচিত ব্যক্তির দেওয়া কোনো কিছু গ্রহণ না করার আহ্বান জানাচ্ছি। সন্দেহজনক কাউকে দেখলে দ্রুত পুলিশকে অবহিত করতে হবে।”

স্থানীয়রা শহরের গুরুত্বপূর্ণ মোড় ও বাজার এলাকায় পুলিশের টহল বৃদ্ধি এবং সিসিটিভি নজরদারি জোরদারের দাবি জানিয়েছেন।

আইনশৃঙ্খলা বাহিনীর পক্ষ থেকেও সবাইকে সতর্ক থেকে চলাফেরা করার পরামর্শ দেওয়া হয়েছে।